বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

জালালাবাদ গ্যাস

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী )
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
www.jgtdsl.gov.bd
....

**নম্বর:** ২৮.১৬.৯১০০.০০০.০৯০.৮৬.০০০১.২৩.১৪

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন।**

এতদ্বারা জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) এর তালিকাভুক্ত ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার/প্রতিষ্ঠানসমুহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠিকাদার তালিকাভুক্তি তফসিল (শ্রেণি ১.১ ও ১.২) মোতাবেক ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থ বছরের জন্য তালিকাভুক্তি নবায়ন করা হবে। আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ http://cte.jgtdsl.gov.bd/ লিংক-এ "জেজিটিডিএসএল কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম" সফটওয়্যার এর মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২০-০৮-২০২৬ তারিখ পর্যন্ত আবেদন করতে পারবেন। যে সকল ঠিকাদারগণ রেজিস্ট্রেশন সম্পন্ন করেন নাই, সে সকল ঠিকাদারগণ প্রথমে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করতঃ প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে লগইন করে অনলাইনে আবেদন করা যাবে। আবেদনকারীকে নিম্নলিখিত কাগজপত্রসমূহ আপলোড করতে হবে।

১। হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স;
২। তৃতীয় পক্ষীয় দায়বীমা পলিসির মূলকপি;
৩। হালনাগাদ আয়কর সনদপত্র;
৪। ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র (ভ্যাট দাখিলের প্রমাণকসহ) ;
৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে সর্বাধিক ২(দুই) মাস পূর্বে ঠিকাদারী প্রতিষ্ঠান/স্বত্ত্বাধিকারীর নামে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত ন্যূনতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র (অস্পষ্ট বর্ণনার সনদপত্র গ্রহণযোগ্য নয়);
৬। ঠিকাদার তালিকাভুক্তি তফসিল অনুযায়ী প্রতিষ্ঠানে নিযুক্ত কারিগরি ও প্রশাসনিক জনবল [নিয়োগপত্র, বর্তমানে প্রতিষ্ঠানের কাজে বিদ্যমান সংক্রান্ত ঘোষনাপত্র, কারিগরি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) , ছবি, এনআইডি এর কপি ও জীবনবৃত্তান্তসহ]-এর তালিকা;
৭। ঠিকাদার তালিকাভুক্তি তফসিল অনুযায়ী কার্যক্ষম যন্ত্রপাতি, মেশিনারি ও সাজ-সরঞ্জামের তালিকা (মেশিনারির ক্ষেত্রে রেজিঃ নং ও চেচিস নং উল্লেখসহ);
৮। সর্বশেষ নবায়নকৃত তালিকাভুক্তি সনদ এর কপি।

এছাড়াও "জেজিটিডিএসএল কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম" সফটওয়্যারে যে সকল আবশ্যিক মেনুবার রয়েছে তা যথাযথভাবে পুরণ/সম্পন্ন করতে হবে। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ সফটওয়্যারের ইউজার ম্যানুয়ালে উল্লেখ রয়েছে।

অনলাইনে আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্নের পর ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে সফটওয়্যার/অনলাইনে জেজিটিডিএসএল কর্তৃপক্ষ কর্তৃক ডিমান্ড নোট ইস্যু করা হবে। ডিমান্ড নোট-এ উল্লেখিত অর্থ (ভ্যাট/ট্যাক্সসহ) ব্যাংকে জমা প্রদান করে রশিদ এর স্ক্যান কপি সফটওয়্যারের নির্ধারিত মেনুবারে আপলোড করতে হবে।

উল্লেখ্য যে, পেট্রোবাংলার অধীনস্থ যে কোন কোম্পানি বা জেজিটিডিএসএল কর্তৃক কালো তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কিংবা তার লোকবলকে অন্তর্ভূক্তি করা হলে তাদের নবায়নের আবেদন গ্রহণযোগ্য হবে না।

জেজিটিডিএসএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি/কার্যক্রম এর আংশিক অথবা সম্পূর্ণ, পরিবর্তন/বাতিল করার অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে। **কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।**

নবায়ন সংক্রান্ত যে কোন প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৫-০৭-২০২৬
বিপ্লব কুমার বিশ্বাস
উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সকল ডিভিশন প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, সিলেট।

২। ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন সংক্রান্ত স্থায়ী কমিটির আহ্বায়ক/সদস্য-সচিব/সদস্য, জেজিটিডিএসএল, সিলেট।।

৩। সকল আরডিডি প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।

৪। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব ), আইটি ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড [কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

৫। সকল আবিকা প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড [আবিকার নোটিশ বোর্ডে সাটানোর অনুরোধসহ]।

৬। সহকারী ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড [ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৭। সভাপতি/সাধারন সম্পাদক, জালালাবাদ গ্যাস কন্ট্রাক্টর ওয়েলফেয়ার এসোসিয়েশন, সিলেট [সমিতির সকল সদস্যগণকে অবহিত করার অনুরোধসহ।